



আগামীকাল সংসদে নতুন অর্থবছরের বাজেট উপস্থাপন



জাতীয় সংসদ অধিবেশন। ছবি: সংগৃহীত

আগামীকাল বৃহস্পতিবার (১১ জুন) জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট উপস্থাপন করবেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। এটি তারেক রহমানের নেতৃত্বাধীন বিএনপি সরকারের প্রথম বাজেট।

সরকার প্রায় ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট প্রস্তাব চূড়ান্ত করেছে বলে জানা গেছে। বৈশ্বিক অর্থনৈতিক চাপ, ভর্তুকি বৃদ্ধি, সামাজিক নিরাপত্তা কর্মসূচির ব্যয় এবং ঋণের সুদ পরিশোধের কারণে এবার ব্যয়ের পরিমাণ বাড়ছে।

এছাড়া সরকারি চাকরিজীবীদের নতুন বেতন কাঠামো বাস্তবায়নের বিষয়টিও বাজেটে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলছে। অর্থনীতি পুনরুদ্ধার, বিনিয়োগ বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে বলে অর্থ মন্ত্রণালয় সূত্র জানিয়েছে।

তবে প্রায় ২ লাখ ৪৩ হাজার কোটি টাকার সম্ভাব্য বাজেট ঘাটতি বড় চ্যালেঞ্জ হিসেবে দেখা দিচ্ছে। আগামী অর্থবছরে মূল্যস্ফীতি সাড়ে ৭ শতাংশে নামিয়ে আনার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

বাজেট বাস্তবায়নে সবচেয়ে বেশি নির্ভর করা হবে এনবিআরের রাজস্ব আদায়ের ওপর। পাশাপাশি অভ্যন্তরীণ ঋণ, বৈদেশিক সহায়তা ও অন্যান্য উৎস থেকেও অর্থ সংগ্রহের পরিকল্পনা রয়েছে।